

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ২২ অক্টোবর, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শাখা-৫

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ আশ্বিন ১৪১৪ বঙ্গাব্দ/১১ অক্টোবর ২০০৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৪২-আইন/২০০৭।—যেহেতু, Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এ মন্ত্রণালয়ের ১৩-০৪-১৯৯৯ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৭৩-আইন/৯৯-শ্রম-৮/৪(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ এর সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে এবং উক্ত ঘোষণা এ মন্ত্রণালয়ের ২৪-০৫-২০০৭ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৮২-আইন/২০০৭ দ্বারা ষোড়শবার উক্ত Ordinance এর প্রযোজ্যতা ১৪-০৪-২০০৭ তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) আরও ৬ (ছয়) মাস বর্ধিত করা হইয়াছে, যাহার মেয়াদ ১৩-১০-২০০৭ তারিখে শেষ হইবে; এবং

যেহেতু, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ এর সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রয়োগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু, উক্ত Ordinance এর section 3 (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ এর সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ১৪-১০-২০০৭ তারিখ (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) হইতে পরবর্তী ৬ (ছয়) মাস পর্যন্ত বর্ধিত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আমিনুল ইসলাম

উপ-সচিব (শ্রম)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৮১৩৫)

মূল্য ৪ টাকা ২.০০